

পল্লী প্রগতি প্রকল্প
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”
৫, কাওরান বাজার, ঢাকা।
www.pppbd.org

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৩৬.১৬.০৯৭.১৪(৩). ৯৭৭

তারিখঃ ১৪/০১/২০১৫ খ্রিঃ।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সকল)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

.....,

বিষয়ঃ পল্লী প্রগতি প্রকল্পের মাসিক প্রতিবেদন ছক-১ এর সংশোধন।

সূত্রঃ প্রকল্প কার্যালয়ের স্মারক নং ০৪৪০, তারিখ-২৮/০১/১৪।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকের মাধ্যমে প্রেরিত সংযুক্ত ছক (ছক-১,২,৩) মোতাবেক মার্চ/২০১৪ খ্রিঃ হতে পল্লী প্রগতি প্রকল্পের তথ্যাবলি সংক্রান্ত মাসিক প্রতিবেদন সংগ্রহ করা হচ্ছিল। প্রকল্পের মাসিক প্রতিবেদন নির্ভুল ও সহজীকরণের নিমিত্ত শুধুমাত্র সূত্রোক্ত স্মারকে প্রেরিত সংযুক্ত ছক-১ এর কিছুটা সংশোধনী আনা হয়েছে যা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

মাসিক প্রতিবেদনের সংশোধিত ছক-১ যথাযথভাবে পূরণ করে এর সাথে ছক-২ এবং ছক-৩ এর হালনাগাদ তথ্যাবলি আগের মতই পূরণ করে আগামী মার্চ/২০১৫ খ্রিঃ হতে নিয়মিতভাবে ও যথাসময়ে সংশ্লিষ্ট জেলা দপ্তরের মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে হবে।

মাসিক প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত করে স্বাক্ষরকারী কর্মকর্তাগণ ছক-১ এর নীচে বর্ণিত অনুসরণীয়/নিয়মাবলী অনুযায়ী যাচাই পূর্বক সঠিক ও নির্ভুল প্রতিবেদন প্রেরণ করবেন। ছক-১ এর ৬, ৭ এবং ৮ নং কলামে বিগত জুন মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের তথ্য এবং ৩৫ ও ৩৬ নং কলামে বিগত জুন মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের তথ্য লিখতে হবে যা সংশ্লিষ্ট আর্থিক বছরে পরিবর্তন করা যাবে না।

নির্ভুল রিপোর্ট প্রেরণের স্বার্থে রিপোর্ট সংক্রান্ত যে কোন বিষয় স্পষ্টী করণের প্রয়োজন হলে যে কোন সময় প্রকল্প সদর কার্যালয়ের টেলিফোনে (নং- ৮১৮০০৪৪) অথবা মোবাইল নং-০১৭১২৮৪৭৫৩১-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক সংশোধিত ছক-১।


(মোঃ রফিকুল ইসলাম)
প্রকল্প পরিচালক
পল্লী প্রগতি প্রকল্প
ফোনঃ ৮১৮০০৪৪।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৩৬.১৬.০৯৭.১৪(৩). ৯৭৭


তারিখঃ ১৪/০১/২০১৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপপরিচালক, বিআরডিবি, (সকল)।

২। প্রোগ্রামার, পল্লী প্রগতি প্রকল্প, বিআরডিবি, ঢাকা। প্রকল্পের ওয়েব-সাইটে প্রকাশের জন্য।

৩। অফিস কপি।


(মোঃ জিলুর রহমান)
সহকারী পরিচালক
পল্লী প্রগতি প্রকল্প।